# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-09-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অনুপ্রবেশ রুখতে রাজ্যে আন্তর্জাতিক সীমান্তের অরক্ষিত জায়গায় কাঁটাতারের বেড়া দেওয়ার জন্যে সরকার সীমান্ত সুরক্ষা বাহিনীকে ৯০ শতাংশ জমি দিয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২) রাজ্য সরকার শিল্প ক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণের লক্ষে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করেছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

এদিকে, জাপান এরাজ্যে শিল্প ও বাণিজ্যে নতুন করে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে।

৩) রাজ্যে পর্যটন ক্ষেত্রকে উন্নত করতে পশ্চিমবঙ্গ সরকার ও ফরাসী সরকারের যৌথ উদ্যোগে নতুন এক মাইলফলকের আজ সূচনা হল চন্দননগরে।

৪) পশ্চিম মেদিনীপুরের শালবনিতে ভুয়ো নথি বানিয়ে সরকারি জমি বিক্রির মামলায় ধৃত তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর আপ্ত সহায়ক সুমিত রায়কে ৮ দিনের সিআইডি হেফাজতে পাঠানো হয়েছে।

৫) মালদার মানিচকের ভূতনিতে বয়াবহ বন্যায় আরও একজন প্রাণ হারিয়েছেন। গঙ্গার জলস্তর বৃদ্ধি পাওয়ায় রতুয়া, মানিকচক, কালিয়াচক সহ বিভিন্ন স্থানে পরিস্থিতি ক্রমেই অবনতি হচ্ছে।

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের কিছু জেলা এবং উত্তরবঙ্গে রবিবার পর্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা।

৬) বাংলা আজ রাজ্য সিনিয়ার সি এ চেম ট্রফি ক্রিকেটে চ্যাম্পিয়ান হয়েছে।

oooooooooooooooooooooo

অনুপ্রবেশ রুখতে রাজ্যে আন্তর্জাতিক সীমান্তের অরক্ষিত জায়গায় কাঁটাতারের বেড়া দেওয়ার জন্যে সরকার সীমান্ত সুরক্ষা বাহিনীকে ৯০ শতাংশ জমি দিয়েছে । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাম কথা অনুষ্ঠানে অংশ নিয়ে একথা জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

তিনি আরও বলেন এরাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি ইউসিসি চালু করা হবে।

নতুন সরকারের চার মাসের সময়কালে ইমাম, মোয়াজ্জেন এর মত সব ধর্মীয় ভাতা বন্ধ করে দেওয়া হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। মাদ্রাসা সহ সব জায়গায় পূর্নাংগ বন্দেমাতরম গাইতে হবে । আগামী ডিসেম্বর মাসে কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে পাঁচ লক্ষ মানুষের কণ্ঠে গীতা পাঠের আয়োজন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

oooooooooooooooooooooo

ব্রিকস সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল দিল্লি যাচ্ছেন। দিল্লি পৌঁছে তিনি অন্য রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভারত মন্ডপমে প্রস্তাবিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। রাষ্ট্রপতি ভবনে নৈশভোজে উপস্থিত থাকার জন্যে অন্য অতিথিদের সঙ্গে তাকেও আমন্ত্রন জানানো হয়েছে।

উল্লেখ্য আগামীকাল নতুন দিল্লিতে দুই দিনের ব্রিকস শীর্ষ সম্মেলন শুরু হতে চলেছে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার ইতিমধ্যেই একটি বিনিয়োগ-বান্ধব পরিবেশ তৈরি করতে সক্ষম হয়েছে, যেখানে জনপ্রতিনিধি, আমলা, পুলিশ এবং প্রশাসন সমন্বয় রেখে ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

তিনি আজ নিউ টাউনে এক ফ্যাশন রিটেল সংস্থার উদ্যোগে বিশ্বের বৃহত্তম ওয়ারড্রোব উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, সংস্থাটি বর্তমানে পশ্চিমবঙ্গে ১১০টি স্টোর পরিচালনা করছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

শুধু খুচরো ব্যবসা নয়, জ্বালানি ক্ষেত্রেও বড় বিনিয়োগের আশ্বাস মিলেছে বলে জানান মুখ্যমন্ত্রী। তাঁর দাবি, ভবিষ্যতে মোট ১,০০০ একর জমি অধিগ্রহণের পরিকল্পনাও রয়েছে।

মুখ্যমন্ত্রী আরও জানান, রাজ্য মন্ত্রিসভা ইতিমধ্যেই ৩৩টি শিল্প সংস্থাকে জমি বরাদ্দের অনুমোদন দিয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণ বৃদ্ধি করা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য শিল্প সংক্রান্ত মন্ত্রিগোষ্ঠী আজ নবান্নে এক বৈঠকে বসে। শিল্পমন্ত্রী তাপস রায়ের পৌরোহিত্যে ওই বৈঠকে শিল্প পরিকাঠামো উন্নয়ন, নতুন শিল্পনীতি, বিনিয়োগ সহজ করা, ছাড়পত্র এবং জমি নীতি সহ বিভিন্ন বিষয় আলোচনা হয়।

এদিকে, রাজ্যে শিল্পে বিনিয়োগের লক্ষ্যে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী সপ্তাহে মুম্বাই যাচ্ছেন। গনেশ চতুর্থীর পরেই তিনি মুম্বাই গিয়ে রিলায়েন্স গোষ্ঠীর কর্নধার মুকেশ আম্বানী ও তার ছেলে অনন্ত আম্বানির সঙ্গে বৈঠক করবেন ।

ooooooooooooooooooooo

জাপান এ রাজ্যে ,শিল্প ও বাণিজ্যে নতুন বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে।শিল্পমন্ত্রী তাপস রায় এ কথা জানিয়েছেন। কলকাতায় শিল্প সদনে আজ জাপানের বিদেশ প্রতিমন্ত্রী

SATO AYANO র সঙ্গে এক বৈঠকের পর মন্ত্রী আকাশবাণীকে বলেন, আগামী বছর ইন্দো জাপান কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর পূর্তি কলকাতায় সাড়ম্বরে উদযাপন করা হবে।

উল্লেখ্য, জাপানের বিদেশ প্রতিমন্ত্রী ও সে দেশের উচ্চপদস্থ আধিকারিকদের ৭ সদস্যের এক প্রতিনিধিদল আজ শিল্পমন্ত্রী তাপস রায়ের সঙ্গে দেখা করেন।

বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, কলকাতার সঙ্গে তাদের সরাসরি উড়ান পরিষেবা চালুর জন্য ব্যবস্থা গ্রহণ করতে তারা শিল্পমন্ত্রীকে অনুরোধ করেছেন।

oooooooooooooooooooooo

রাজ্যের পর্যটন ক্ষেত্র কে উন্নত করতে পশ্চিমবঙ্গ সরকার ও ফরাসী সরকারের যৌথ উদ্যোগে নতুন এক মাইলফলকের আজ সূচনা হল চন্দননগরে। ফরাসী রাষ্ট্রদূত থিয়েরি ম্যাথিউ ও পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ উদ্বোধন করেন ফরাসি আমলের চন্দননগরের রেজিস্ট্রি বিল্ডিং র নব নির্মাণের একটি ক্ষুদ্র প্রতিকৃতি।

পর্যটনমন্ত্রী বলেন আজকের দিনটি ভারত ও ফ্রান্সের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ক্ষেত্রে ঐতিহাসিক । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উন্নতির সঙ্গে ঐতিহ্যর যে সহাবস্থানের কথা বলেছেন, দুই দেশ মিলে সেই সহাবস্থানই গড়তে চলেছে ।

(বাইট – শঙ্কর ঘোষ)

পশ্চিমবঙ্গ সরকার ও ফরাসী রাষ্ট্রদূতের উপস্থিতিতে চন্দননগরের ফরাসী রেজিস্ট্রি হাউস সংস্কারের জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চন্দননগরের ফরাসী ঐতিহ্য, শ্রীরামপুরের ডাচ ঐতিহ্য, পর্তুগীজদের বাঁশবেড়িয়ায় ঐতিহ্য কে স্মরণীয় করে রাখতে ওয়াটার টুরিজমের পরিকল্পনার কথাও ঘোষনা করেন পর্যটনমন্ত্রী, যার পোশাকী নাম দেওয়া হয়েছে - লিটল ইওরোপ অন দ্যা গ্যাঞ্জেস।

এছাড়া প্রবর্তক সংঘ সহ চন্দননগরের বৈপ্লবিক ইতিহাস সংরক্ষণের কথাও জানানো হয়।

অনুষ্ঠানে ফ্রান্সের রাষ্ট্রদূত গেগোরি ম্যাথিউ বলেন, ফরাসী সরকার চন্দননগরের পর্যটন ক্ষেত্রকে উন্নত করতে বিশেষ সহায়তা করবে। পর্যটনের উন্নয়নের ফলে একদিকে যেমন অর্থনীতির বিকাশ হবে, অন্যদিকে, শিক্ষা ক্ষেত্র ও চাকরিতে নতুন

নতুন সুযোগ সৃষ্টি হবে। তাই ফ্রান্স এখানে বিনিয়োগ করতে আগ্রহী বলেও উল্লেখ করেন তিনি।

উল্লেখ্য, চন্দননগরের ফরাসি ঐতিহ্যকে নতুন ক'রে তুলে ধরতে তিন দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান "বঁজু চন্দননগর" আজ শুরু হয়েছে। রাজ্য সরকারের পর্যটন দফতর এবং ভারতে ফ্রান্সের দূতাবাসের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান চলবে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। এই উপলক্ষ্যে ঐতিহ্যশালী স্ট্র্যান্ড রোড সংলগ্ন রেজিস্ট্রি বিল্ডিং-এর বহু-প্রতীক্ষিত সংস্কার কাজ এবং পুনর্নির্মাণ কাজের সূচনা হয়েছে।

এদিকে, পর্যটন দফতরের উদ্যোগে স্ট্র্যান্ডের বিস্তীর্ণ অংশে প্যারিসের রাস্তার পরিবেশ তৈরি করা হয়েছে। থাকছে আলোকসজ্জা, বিশেষ নকশার অস্থায়ী কাঠামো, ইউরোপীয় ধাঁচের দোকান এবং ক্যাফের আবহ। চন্দননগরের বিশ্বখ্যাত আলোকশিল্পকেই এক্ষেত্রে প্রধান আকর্ষণ হিসেবে ব্যবহার করা হচ্ছে।

oooooooooooooooooooooo

দক্ষিণ আফ্রিকার কেপটাউনে কমনওয়েলথ পার্লামেন্ট অ্যাসোসিয়েশনের কনফারেন্সে যোগ দিতে আজ রওনা দিলেন বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্রনাথ বসু। বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ১৫ বছর বাদে পশ্চিমবঙ্গ থেকে কোনো প্রতিনিধি এই ধরনের আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিচ্ছেন।

(বাইট – রথীন্দ্রনাথ)

গণতন্ত্র কিভাবে শক্তিশালী হয়, সে বিষয়ে আলোচনা হবে। আলোচ্য সূচীতে থাকছে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রসঙ্গও।

oooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের শালবনিতে ভুয়ো নথি বানিয়ে সরকারি জমি বিক্রির মামলায় ধৃত তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর আপ্ত সহায়ক সুমিত রায়কে ৮ দিনের সিআইডি হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ মেদিনীপুর জেলা আদালতে তোলা হলে বিচারক এই নির্দেশ দেন।

উল্লেখ্য CID গতকাল দক্ষিণ কলকাতার কালীঘাটে অভিষেকের বাড়ি থেকে সুমিতকে গ্রেফতার করে।

উল্লেখ্য সুপ্রিম কোর্টে গতকাল সুমিতের রক্ষা কবচের মেয়াদ শেষ হওয়ার পর দক্ষিণ কলকাতার কালীঘাটে অভিষেকের বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। ভবানী ভবনে জিজ্ঞাসাবাদের পর আজ তাকে তোলা হয় মেদিনীপুর আদালতে।

ooooooooooooooooooooooo

মালদার মানিচকের ভূতনিতে বয়াবহ বন্যায় আরও একজন প্রাণ হারিয়েছেন। অনিকুল হক নামে উওর চণ্ডীপুরের নাজিরুদ্দিন টোলা গ্রামের ১৭ বছরের ওই কিশোর জলমগ্ন রাস্তা দিয়ে যাওয়ার সময় গর্তের মধ্যে পড়ে যায় । পরে ভূতনি থানার পুলিশ নৌকো করে কিশোরকে উদ্ধার করলেও , তাঁকে বাঁচানো যায়নি।

এদিকে, ভূতনি থানাও জলমগ্ন। তার মধ্যে সাঁতার কেটে থানা থেকে বেরিয়ে নৌকোয় করে প্লাবিত এলাকার মানুষজনকে পরিষেবা দিচ্ছে পুলিশ। থানার একতলা সম্পূর্ণ ডুবে যাওয়ায় দোতলায় বসে কাজ করছেন পুলিশ কর্মীরা।

ভুতনির বন্যা পরিস্থিতির জেরে স্বাস্থ্য দফতর গর্ভবতী মায়েদের প্রতি বিশেষ নজরদারি চালাচ্ছে। অন্যদিকে গঙ্গার অস্বাভাবিক জলস্তর বৃদ্ধির ফলে রতুয়া- **১**নং ব্লকের মহানন্দটোলা ও বিলাইমারি গ্রাম পঞ্চায়েত এলাকায় বন্যা পরিস্থিতির ক্রমেই অবনতি হচ্ছে। ইতিমধ্যেই দুটিই গ্রাম পঞ্চায়েতের প্রায় ৪৩-টি গ্রাম জলমগ্ন। জলবন্দি কয়েক হাজার পরিবার আশ্রয় নিয়েছেন সরকারি ত্রাণ শিবিরে বা বাড়ির ছাদ, উঁচু জায়গা অথবা বাঁধের উপর । দুর্গত এলাকায় দেখা দিয়েছে ত্রাণের হাহাকার। পাশাপাশি বহু এলাকায় পানীয় জলের সমস্যা দেখা দিয়েছে। বিদ্যুৎ পরিষেবা বিচ্ছিন্ন থাকায় রাত কাটাতে হচ্ছে অন্ধকারে।

গঙ্গার জলস্তর ক্রমশ বেড়ে চলায় কালিয়াচক ২ নম্বর ব্লকে পঞ্চানন্দপুর ফেরিঘাট সংলগ্ন বাঁধে ফাটল ধরেছে। সেই ফাটল দিয়ে ঠুকছে নদীর জল। সেচ দফতর বালির বস্তা ফেলে ভাঙন রোধ করে যুদ্ধকালীন তৎপরতায় বাঁধ রক্ষার চেষ্টা চালাচ্ছে। ইতিমধ্যেই গঙ্গার জলে প্লাবিত পঞ্চানন্দপুর ফেরীঘাট সহ নদীর অসংরক্ষিত এলাকা।

এদিকে, জলস্তর বৃদ্ধি বন্ধ না হলে ইংরেজবাজারের খাসকোল এলাকা দিয়ে গঙ্গার জল ঢুকে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। রবিদাশ পাড়ায় ভাঙনও তীব্র আকার ধারণ করেছে।

গঙ্গার অস্বাভাবিক জলস্তর বৃদ্ধির ফলে বিপর্যস্ত কালিয়াচক ৩ ব্লকের বিস্তীর্ণ এলাকা। কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের হোসাইনপুর এলাকায় গঙ্গার জলের ধাক্কায় মূল রাস্তার একটি অংশ কেটে যাওয়ায় যোগাযোগ ব্যবস্থা কার্যত বিচ্ছিন্ন । হু হু করে জল ঢুকছে পারলালপুর, হোসাইনপুর, মনডায়, পার দেওনাপুর, শোভাপুর সহ বিভিন্ন গ্রামে।

বহু চাষের জমি জলের তলায় ।

oooooooooooooooooooooo

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন এলাকায় তৈরি হওয়া নিম্নচাপ এলাকাটি এখন উত্তর-পশ্চিম এবং পশ্চিম মধ্য বঙ্গোপসাগর সংলগ্ন দক্ষিণ ওড়িশা এবং উত্তর অন্ধপ্রদেশের ওপর অবস্থান করছে। এটি আগামী ২৪ ঘন্টায় আরো ঘনীভূত হয়ে পশ্চিম উত্তর-পশ্চিমে উত্তর অন্ধ্র উপকূলের দিকে অগ্রসর হবে। এদিকে উত্তর রাজস্থান থেকে একটি ঘূর্ণাবর্ত এই নিম্নচাপ এলাকার ওপর দিয়ে বিস্তৃত রয়েছে। রাজ্যে সক্রিয় রয়েছে মৌসুমী অক্ষরেখা। এর ফলে আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় এবং উত্তরবঙ্গে বিক্ষিপ্তভাবে আগামী রবিবার পর্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পশ্চিমের জেলা বিশেষ করে পশ্চিম বর্ধমান বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে। উত্তরবঙ্গে হলুদ সর্তকতা রয়েছে জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়।

oooooooooooooooooooooo

জরুরী রক্ষণাবেক্ষণ ও সংস্কারের কাজের জন্য আগামী পাঁচদিন, দুর্গাপুর ব্যারেজের ওপর দিয়ে প্রতিদিন রাত ১১ টা থেকে ভোর চারটে পর্যন্ত যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

জেলা প্রশাসন জানিয়েছে, আজ থেকে আগামী মঙ্গলবার ১৫'ই সেপ্টেম্বর পর্যন্ত এই নির্দেশ বলবৎ থাকবে। ব্যারেজের লক গেটের ১৪ টি যন্ত্রাংশ বদল ও মেরামতির

কাজের জন্যই এই ট্রাফিক ব্লকের সিদ্ধান্ত। তবে অ্যাম্বুলেন্স ও জরুরী পরিষেবার গাড়িকে বিশেষ ছাড় দেওয়া হয়েছে।

এই পাঁচদিন বিকল্প রাস্তা হিসেবে বাঁকুড়া থেকে দুর্গাপুর ও কলকাতাগামী গাড়িগুলিকে মেজিয়া ও রানীগঞ্জ দিয়ে পাঠানো হবে। অন্যদিকে দুর্গাপুর থেকে আসা গাড়িগুলি  বেলিয়াতোড় ও সোনামুখী হয়ে বাঁকুড়া ও বর্ধমানের দিকে যেতে পারবে।

oooooooooooooooooooooo

জরুরী মেরামতি ও রক্ষনাবেক্ষনের কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামী রবিবার আরও এক দফায় বন্ধ রাখা হবে। সকাল ৬টা থেকে বেলা ১০টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooooo

বাংলা আন্ত রাজ্য সিনিয়র সি এ চেম ট্রফি ক্রিকেটের চ্যাম্পিয়ন হয়েছে। পুদুচেরিতে আজ বাংলা তাদের শেষ ম্যাচে হিমাচল প্রদেশকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছে। বাংলার অঙ্কুর পাল টুর্নামেন্টের সেরা ব্যাটার হয়েছেন। অখিলেশ যাদব ও সৌম্যদীপ মন্ডল যুগ্মভাবে ম্যাচের সেরা নির্বাচিত হয়েছেন। খেলার সংক্ষিপ্ত স্কোর হিমাচল প্রদেশ ১৪৬ ও ২০১। বাংলা ১৬৩ ও ৩ উইকেটে ১৮৬ রান।

বাংলা প্রথম ম্যাচে মুম্বইকে হারিয়েছিলো, দ্বিতীয় ম্যাচে পুদুচেরির সঙ্গে ড্র করেছিলো। শেষ ম্যাচে হিমাচল প্রদেশকে হারিয়ে খেতাব জিতলো।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo